ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৩৩২
আগরতলা,১৩ আগস্ট,২০২৫

**শিল্পাঞ্চলের শ্রমিক ও কর্মচারিদের**
**মধ্যে জাতীয় পতাকা বিতরণ**

দেশের ৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে ‘‘হর ঘর তিরঙ্গা’’ অভিযানের অঙ্গ হিসেবে ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগম বিভিন্ন শিল্পাঞ্চলের শ্রমিক ও কর্মচারিদের দেশাত্ববোধে উদ্বুদ্ধ করার লক্ষ্যে জাতীয় পতাকা বিতরণ কর্মসূচির আয়োজন করেছে।

এই উপলক্ষ্যে আজ শিল্প উন্নয়ন নিগমের অধীনস্থ রাজ্যের বিভিন্ন শিল্পাঞ্চলের শ্রমিক ও কর্মচারিদের মধ্যে জাতীয় পতাকা বিতরণ করা হয়। এই কাজে বিভিন্ন শিল্প সমিতি শিল্প নিগমকে সাহায্যের হাত বাড়িয়ে দেয়। স্বাধীনতা দিবস উদযাপনকে সামনে রেখে জাতীয় পতাকা বিতরণের এই কর্মসূচি শ্রমিক ও কর্মচারিদের মধ্যে উৎসাহ ও উদ্দীপনার সঞ্চার করে। ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

*****